# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

অতিরিক্ত মহাপরিচালক
(পরিকল্পনা,নকশা ও গবেষণা) এর দপ্তর
ব্লক-এফ, লেভেল-৫, পানি ভবন,
৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫।
ফোনঃ ০২-২২২২৩০০৪০-৪২

adgpl.bwdb@gmail.com

Office of the Additional Director General
(Planning, Design & Research)
Block-F, Level-5, Pani Bhaban,
72 Green Road, Dhaka-1205
Phone: 02-222230040-42

স্মারক নং-৪২.০১.০০০০.০৩২.০৬.০০১.২৩-১৬২ তারিখ: ২৯ আষাঢ় ১৪৩০ বঃ/ ১৩ জুলাই ২০২৩ খ্রিঃ

## দপ্তরাদেশ

"পটুয়াখালী জেলার বাউফল ও দশমিনা উপজেলায় ৫৫/২এফ পোল্ডারে পানি নিয়ন্ত্রণ অবকাঠামো নির্মাণ এবং তেঁতুলিয়া নদী সংলগ্ন এলাকায় বাঁধের ঢাল সংরক্ষণ" শীর্ষক প্রকল্প প্রণয়নের লক্ষ্যে মাঠ পর্যায়ে পরিদর্শনপূর্বক সম্ভাব্যতা যাচাই-বাছাই করে হালনাগাদ তথ্য-উপাত্তের ভিত্তিতে সুপারিশমালাসহ কারিগরি/সমীক্ষা প্রতিবেদন প্রণয়নের জন্য বহিঃসদস্যসহ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে সুনির্দিষ্ট কার্যপরিধির আওতায় একটি কারিগরি/সমীক্ষা সম্পাদন কমিটি (Technical/Feasibility Study Committee) গঠন করা হলো।

| ক্রঃ নং | কর্মকর্তাগণের নাম ও পদবি | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-২, বাপাউবো, ঢাকা। | আহবায়ক |
| ২। | নির্বাহী প্রকৌশলী, পটুয়াখালী পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, পটুয়াখালী। | সদস্য |
| ৩। | জনাব মোহাম্মদ আবু সাঈদ, নির্বাহী প্রকৌশলী, পরিকল্পনা পরিদপ্তর-২, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৪। | জনাব মোঃ রহমত আলী, উপ-প্রধান (মৎস), পরিকল্পনা পরিদপ্তর-৩, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৫। | জনাব মোঃ আলমগীর, সহকারী প্রধান (অর্থনীতি), যুগ্ম-প্রধান পরিকল্পনা'র দপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৬। | আইডব্লিউএম, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি। | সদস্য |
| ৭। | সিইজিআইএস, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি। | সদস্য |
| ৮। | নির্বাহী প্রকৌশলী, পটুয়াখালী পওর বিভাগ, বাপাউবো, পটুয়াখালী। | সদস্য-সচিব |

কমিটির কার্যপরিধি ঃ

ক) কমিটির সদস্যগণ প্রস্তাবিত প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন করবেন। সংশ্লিষ্ট Stakeholder-গণকে বাস্তবায়িত কার্যক্রম সম্পর্কে অবহিত করবেন। স্থানীয় জনগণ ও জনপ্রতিনিধি, কৃষি অধিদপ্তর, পরিবেশ ও বন অধিদপ্তর, মৎস অধিদপ্তর ও জেলা প্রশাসনের কর্মকর্তাদের সাথে আলোচনাপূর্বক মতামত গ্রহণকরতঃ প্রস্তাবিত কার্যক্রমের যথার্থতা নিরূপণ করবেন;

খ) পটুয়াখালী জেলার বাউফল ও দশমিনা উপজেলাধীন অভ্যন্তরে জলাবদ্ধতা দুরীকরণ, নদী ভাঙ্গন, উচ্চ জোয়ার, বন্যা ও জলোচ্ছ্বাসে লবণাক্ত পানি প্রবেশরোধ করে জনগণের জান-মাল, সহায়-সম্পত্তি, আবাদী ফলস, গাছপালা রক্ষার্থে ৫৫/২এফ পোল্ডারে পানি নিয়ন্ত্রণ অবকাঠামো/স্লুইসগেট/রেগুলেটর নির্মাণ এবং তেঁতুলিয়া নদীর ডানতীরে স্থায়ীভাবে বাঁধের ঢাল সংরক্ষণ কাজ বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় সুপারিশ/মতামত প্রদান করবেন;

গ) প্রকল্প এলাকা রঙ্গিন সূচক ম্যাপ (Index Map)-এ প্রদর্শন করবেন;

ঘ) প্রকল্প সংশ্লিষ্ট নদী/খাল ম্যাপে (Site Plan) প্রদর্শনপূর্বক বিস্তারিত বর্ণনা (বন্যা/নদী ভাঙ্গন/উচ্চ জোয়ার/জলাবদ্ধতা ইত্যাদি যদি থাকে) উল্লেখ করবেন;

ঙ) প্রকল্প সংশ্লিষ্ট নদী/খালসমূহের পানি ধারণ ক্ষমতা/নাব্যতা বৃদ্ধিকল্পে যৌক্তিকতাসহ প্রয়োজনীয় কার্যক্রম (খনন/পুনঃখনন/ড্রেজিং, পানি ব্যবস্থাপনা অবকাঠামো নির্মাণ/পুনঃনির্মাণ ইত্যাদি কাজ) সুপারিশ করবেন;

চ) সুনির্দিষ্ট সুপারিশমালা ও Sketch Map-সহ Dredged Material Management Plan (Dredged material এর ব্যবহার, পরিমাণ ও ব্যয় নিরূপণ/প্রাক্কলন) প্রণয়ন করবেন;

ছ) বনায়ন বাবদ অর্থের সংস্থান, এলাকাভেদে চারা গাছের প্রজাতি ও সংখ্যা ইত্যাদিসহ নদী/খালের তীরে ইকোপার্ক নির্মাণ/বৃক্ষরোপন (Tree Plantation) করার প্রয়োজনীয় সুপারিশ করবেন;

জ) প্রকল্পের কাজ নির্ধারিত সময়ে গুণগতমান (Both Quality & Quantity) বজায় রেখে সমাপ্তির লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ সুপারিশ করবেন;

ঝ) কারিগরি দিক বিবেচনায় প্রস্তাবিত কাজগুলো দীর্ঘমেয়াদী ও টেকসই (Sustainable) হবে কিনা সে বিষয়ে সুস্পষ্ট মতামত প্রদান করবেন;

ঞ) বাপাউবো'র চলতি রেট সিডিউল ও জলবায়ু পরিবর্তনের বিষয়টি বিবেচনায় নিয়ে অনুমোদিত Design অনুসারে প্রস্তাবিত ভৌত কাজসমূহের যথার্থতা নিরূপণ করে ব্যয় প্রাক্কলন (Cost Estimate) করবেন এবং উক্ত Cost Estimate/Design কারিগরী/সমীক্ষা প্রতিবেদনের সাথে সংযোজন করবেন।

২। কমিটি প্রয়োজনে অন্য যে কোন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবেন।

*চলমান পৃষ্ঠা-২*

৩। প্রস্তাবিত কমিটির কোন কর্মকর্তা বোর্ডের নির্দেশনার পরিপ্রেক্ষিতে বদলী বা অন্যত্র গমন করলে তার স্থলাভিষিক্ত কর্মকর্তা উক্ত কারিগরি/সমীক্ষা সম্পাদন কমিটির সংশ্লিষ্ট পদে প্রতিস্থাপিত হবেন এবং কার্যক্রম পরিচালনা করবেন।

৪। কমিটি প্রধান প্রকৌশলী, পরিকল্পনা দপ্তরের স্মারক নং-১০৫২, তারিখ: ২৪/১১/২০১৯খ্রিঃ ওয়েবসাইট লিংক **(https://www.bwdb.gov.bd/archive/pdf/5479.pdf)** এর মাধ্যমে জারীকৃত ফরম্যাট অনুযায়ী ও প্রধান প্রকৌশলী, নকশা দপ্তরের স্মারক নং-১৩৮-প্রঃপ্রঃডি/সা-৫০০, তারিখ: ২৮/০২/২০২২খ্রিঃ ওয়েব সাইট লিংক **(https://www.bwdb.gov.bd/archive/pdf/9730.pdf)** এবং প্রধান প্রকৌশলী, মনিটরিং দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০০৭.৭৮.০০১.১৭.১১৩, তারিখ: ১৪/০৬/২০২২খ্রিঃ ওয়েবসাইট লিংক **(https://www.bwdb.gov.bd/archive/pdf/10281.pdf)** ও স্মারক নং-৪২.০১.০০০০.০০৭.৭৮.০০১.১৭.৩০, তারিখ: ২৪/০১/২০২৩ খ্রিঃ ওয়েবসাইট লিংক **(https://bwdb.gov.bd/archive/pdf/11875.pdf)** অনুসরণপূর্বক সুনির্দিষ্ট কার্যক্রমের সুপারিশ করবেন।

৫। কমিটি সুনির্দিষ্ট কার্যক্রমের সুপারিশমালাসহ কারিগরি/সমীক্ষা প্রতিবেদন এ আদেশ জারীর পরবর্তী ১৫(পনের) কার্যদিবসের মধ্যে ০৩(তিন) প্রস্তে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) মহোদয়ের দপ্তরে দাখিল করবেন।

৬। মূল প্রতিবেদনের Soft Copy অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) মহোদয়ের ই-মেইল: **adgpl.bwdb@gmail.com** ঠিকানায় প্রেরণ করবেন।

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

এস, এম, হুমায়ূন কবীর
উপ-পরিচালক (প্রশাসন)
অতিঃ মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) এর দপ্তর,
বাপাউবো, ঢাকা।
ফোনঃ ০১৬৮৪-৪৯১৫৮১
ই-মেইল: **smhumayunk@gmail.com**

স্মারক নং-৪২.০১.০০০০.০৩২.০৬.০০১.২৩-১৬২ তারিখ: ২৯ আষাঢ় ১৪৩০ বঃ/ ১৩ জুলাই ২০২৩ খ্রিঃ

<u>অনুলিপি আদিষ্টমতে সদয় জ্ঞাতার্থে ও কাযার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) ঃ</u>

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-২, বাপাউবো, ঢাকা।
২। নির্বাহী প্রকৌশলী, পটুয়াখালী পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, পটুয়াখালী।
৩। জনাব মোহাম্মদ আবু সাঈদ, নির্বাহী প্রকৌশলী, পরিকল্পনা পরিদপ্তর-২, বাপাউবো, ঢাকা।
৪। জনাব মোঃ রহমত আলী, উপ-প্রধান (মৎস), পরিকল্পনা পরিদপ্তর-৩, বাপাউবো, ঢাকা।
৫। জনাব মোঃ আলমগীর, সহকারী প্রধান (অর্থনীতি), যুগ্ম-প্রধান পরিকল্পনা'র দপ্তর, বাপাউবো, ঢাকা।
৬। নির্বাহী প্রকৌশলী, পটুয়াখালী পওর বিভাগ, বাপাউবো, পটুয়াখালী। ই-মেইল: xen.patuakhali@gmail.com
৭। নির্বাহী পরিচালক, আইডব্লিউএম, ঢাকা।
৮। নির্বাহী পরিচালক, সিইজিআইএস, ঢাকা।
(৭ ও ৮) একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নপূর্বক অত্র দপ্তরসহ পটুয়াখালী পওর বিভাগ ও সদস্য-সচিব এর ইমেইলে মনোনয়ন পত্র প্রেরণের জন্য সবিনয় অনুরোধ করা হলো।

<u>অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ</u>

১। প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী (পুর), নকশা ও গবেষণা, বাপাউবো, ঢাকা।
৩। প্রধান প্রকৌশলী, দক্ষিণাঞ্চল, বাপাউবো, বরিশাল।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পটুয়াখালী পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, পটুয়াখালী।
৫। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
৭। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
৮। অফিস কপি।